

চালু হলো নারায়ণগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিস

- A Monitor Desk Report

Date: 05 May, 2025



নারায়ণগঞ্জ : আগুনে পুড়ে ধ্বংস হওয়ার দীর্ঘ ৯ মাস পর অবশেষে সংস্কার কাজ শেষে নারায়ণগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিস পুনরায় চালু হয়েছে। এতে দীর্ঘদিনের ভোগান্তি থেকে মুক্তি পাচ্ছেন জেলার সাধারণ মানুষ।

রবিবার (৪ মে) চালুর প্রথম দিনেই সেবা প্রত্যাশীদের উপচে পড়া ভিড় লক্ষ্য করা গেছে। অফিসের ভেতর ও বাইরে সেবা নিতে আসা মানুষের দীর্ঘ লাইন ছিল। সেবাপ্রার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের ব্যস্ততায় প্রাণচঞ্চল হয়ে ওঠে অফিস এলাকা। প্রায় ৩ হাজার মানুষ সেবা নিতে আসেন প্রথম দিনেই।

পাসপোর্ট অফিস সূত্রে জানা যায়, অনলাইনে আবেদন ফর্ম, জাতীয় পরিচয়পত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসহ সরাসরি অফিসে এলেই দ্রুত সময়ে পাসপোর্ট হাতে পাওয়া যাবে। এখন থেকে পুলিশ ভেরিফিকেশন লাগবে না, ফলে পাসপোর্ট প্রক্রিয়া আরও দ্রুত ও সহজ হবে।

গত বছরের ১৮ জুলাই রাতে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান চলাকালে আঞ্চলিক পাসপোর্ট অফিসে দুর্ভোগ হামলা চালিয়ে পুড়িয়ে দিলে অফিসের সব কার্যক্রম বন্ধ হয়ে যায়।

ভবনের পুড়ে যাওয়া অংশ পুনর্গঠনে উদ্যোগ নেয় বর্তমান অন্তর্বর্তী সরকার।

এছাড়া সার্ভার, আসবাবপত্র ও ডিজিটাল সিস্টেম পুনঃস্থাপনসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ করেছে পাসপোর্ট অধিদফতর। সংস্কার কাজ শেষে রবিবার (৪ মে ২০২৫) সকাল থেকে পুনরায় গ্রাহক সেবা কার্যক্রম চালু করা হয়।

নারায়ণগঞ্জ আঞ্চলিক পাসপোর্ট অফিসের উপপরিচালক মো. জামাল হোসেন বলেন, আমরা শতভাগ সেবা নিশ্চিত করতে এবং দালালমুক্ত পরিবেশ বজায় রাখতে আন্তরিকভাবে কাজ করবো। কেউ যেন কোনো ভোগান্তিতে না পড়েন, আমরা সেই চেষ্টাই করব।

